

💵 প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৪৮: মুনাফেক্কী কত প্রকার?

মুনাফেকী দুই প্রকারঃ

- ১. বড় মুনাফেকীঃ বড় মুনাফেকী হচ্ছে, বাইরে ঈমান প্রকাশ করা এবং ভিতরে কুফরী লুকিয়ে রাখা।
- ২. ছোট মুনাফেকীঃ ছোট মুনাফেকী হচ্ছে, ভিতরে কুফরী গোপন না রেখে অর্থাৎ মুসলিম হওয়ার পরও মুনাফেকদের চরিত্রের সাথে সাদৃশ্য রাখা। যেমনঃ মিথ্যা বলা, ওয়াদা ভঙ্গ করা, আমানতের খেয়ানত করা। রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«آيَةُ الْمُنَافِق ثَلاَثٌ إِذَا حَدَّثَ كَذَبَ وَإِذَا اوْتُمِنَ خَانَ وَإِذَا وَعْدَ أَخْلَفَ»

"মুনাফেকের নিদর্শন তিনটিঃ যখন সে কথা বলে, মিথ্যা বলে; যখন তার কাছে আমানত রাখা হয়, তখন সে তার খেয়ানত করে এবং যখন ওয়াদা করে, তখন সে তা ভঙ্গ করে" (বুখারী)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1533

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন